

PRINT

সমকালৈ

শিক্ষামন্ত্রীর অসুস্থতার কারণে রাবির সমাবর্তন স্থগিত

৮ মিনিট আগে

রাবি প্রতিনিধি



শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের অসুস্থতার কারণে আগামী ২৪ মার্চ অনুষ্ঠিতব্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) দশম সমাবর্তন আপাতত স্থগিত করা হয়েছে। মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের প্রশাসক অধ্যাপক প্রভাষ কুমার কর্মকার এ তথ্য নিশ্চিত করেন।

এবারের সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য আদ্দুল হামিদের প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী সভাপতিত্ব করবেন বলে সিদ্ধান্ত হয়েছিলো। অধ্যাপক প্রভাষ কুমার কর্মকার জানান, বিশ্ববিদ্যালয়ের দশম সমাবর্তনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ সভাপতিত্ব করবেন বলে নির্ধারিত ছিলো। কিন্তু বুধবার তার চোখে জরুরি অপারেশন করা হবে। যার কারণে সমাবর্তনে উপস্থিত হতে পারবেন না বলে আমাদের জানিয়েছেন।

তিনি আরও জানান, এই পরিস্থিতিতে মঙ্গলবার সকালে প্ল্যানিং কমিটির জরুরি সভা ঢাকা হয়। সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে দশম সমাবর্তন সাময়িকভাবে স্থগিত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। পরবর্তীতে রাষ্ট্রপতি ও আচার্য আদ্দুল হামিদের সাথে কথা বলে তার সিদ্ধান্ত অনুযায়ী সমাবর্তনের তারিখ নির্ধারণ করা হবে।

এরআগে ২০১৬ সালের ২৪ ডিসেম্বর দশম সমাবর্তনের আয়োজন করে গত প্রশাসনের উপাচার্য অধ্যাপক ড. মুহম্মদ মিজানউদ্দিন। রাষ্ট্রপতির অনুপুষ্টিতির কারণে তখন স্থগিত করা হয় দশম সমাবর্তন। এরপর ২০১৭ সালের মে মাসে দায়িত্ব নেয় বর্তমান প্রশাসন। দীর্ঘ চেষ্টার পর অবশেষে ২৪ মার্চ নির্ধারিত হয় দশম সমাবর্তনের তারিখ।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার। প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০। ইমেইল: info@samakal.com